# একাডেমি বার্তা

## বিসিএস প্রশাসন একাডেমির মুখপত্র

অষ্টাদশ বর্ষ, সংখ্যা-০১, জানুয়ারি-জুন ২০১৮

**বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি**
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd

# সম্পাদকীয়

"একাডেমি বার্তা" বিসিএস প্রশাসন একাডেমির বহুমাত্রিক কর্মকাণ্ডের একটি চলমান প্রতিচ্ছবি। মেধা-মনন, দক্ষতা, সৃষ্টিশীলতা, নতুন নতুন উদ্যোগ ও উদ্ভাবনের প্রত্যয়কে ধারণ করে একাডেমির নানাবিধ কর্মযজ্ঞ যেমন বিভিন্ন প্রশিক্ষণ, সভা, সেমিনার, ওয়ার্কশপ এবং সাংস্কৃতিক কর্মপ্রবাহের সচিত্র খবরাখবর নিয়ে এ ষান্মাসিক আয়োজন। ইতোমধ্যেই এ বার্তা বিসিএস (প্রশাসন) ক্যাডারের সর্বস্তরের কর্মকর্তাদের মধ্যে ব্যাপক আগ্রহ ও উদ্দীপনা সৃষ্টি করেছে। এ বার্তা একদিকে যেমন একাডেমির কর্মকাণ্ডকে ধারণ করে তেমনি একাডেমির বহুবিধ সক্ষমতা ও সৃজনশীলতা কর্মকর্তাদের সামনে তুলে ধরে। ফলে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাবৃন্দ বিশেষ করে মাঠ প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ একাডেমির বিভিন্ন কার্যক্রম সম্পর্কে জানার সুযোগ পান।

উন্নয়নের মহাসড়কে বাংলাদেশ আজ রোল মডেল- এক নতুন বিস্ময়। এ একাডমিতে একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারের রূপকল্প-২০২১ ও ২০৪১ বাস্তবায়নে বিসিএস (প্রশাসন) ক্যাডারের কর্মকর্তাদের অধিকতর যোগ্য, দক্ষ এবং শানিত করে গড়ে তোলার লক্ষ্যে স্বল্প ও দীর্ঘমেয়াদি বিভিন্ন ধরণের কোর্সের আয়োজন করা হয়ে থাকে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনায় বিভিন্ন ক্যাডার কর্মকর্তাদের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। অনুষদ সদস্যদের পাশাপাশি দেশবরেণ্য ব্যক্তিবর্গ, প্রথিতযশা পেশাজীবী, সিভিল সার্ভেন্ট, সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রী ও উপদেষ্টাবৃন্দ রিসোর্স পার্সন হিসেবে অধিবেশন পরিচালনা করে থাকেন। এছাড়া, প্রশাসনের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা, যোগ্যতা ও সৃষ্টিশীলতাকে উদ্বুদ্ধ করার প্রত্যয়ে বিভিন্ন কর্মসূচি পরিচালনার পাশাপাশি এ একাডেমিতে নানাবিধ সেমিনার, ওয়ার্কশপ ও সিম্পোজিয়াম আয়োজন করা হয়।

এ সংখ্যায় জানুয়ারি - জুন ২০১৮ সময়ে একাডেমিতে অনুষ্ঠিত উল্লেখযোগ্য কার্যক্রমের সচিত্র প্রতিবেদন তুলে ধরা হয়েছে।

অনুষদ সদস্যবৃন্দসহ "একাডেমি বার্তা" প্রকাশের সাথে সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

## সম্পাদনা পর্ষদ


**সভাপতি**
**মো. মোশারফ হোসেন**
রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

**সম্পাদক**
**মো: জাফর ইকবাল** এনডিসি
এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি

**সদস্য**
**সালেহ আহমদ মোজাফফর**
পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি

**ড. পিয়ার মোহাম্মদ**
পরিচালক (প্রশিক্ষণ, অতিরিক্ত দায়িত্ব), বিসিএস প্রশাসন একাডেমি

**ড. পিয়ার মোহাম্মদ**
পরিচালক (তথ্য প্রযুক্তি), বিসিএস প্রশাসন একাডেমি

**ড. শাহ্ আলম**
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিসিএস প্রশাসন একাডেমি

**সদস্যসচিব**
**ড. রহিমা খাতুন**
উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা), বিসিএস প্রশাসন একাডেমি

**সহযোগিতায়**
**মোঃ আবদুল মালেক**
প্রকাশনা কর্মকর্তা, বিসিএস প্রশাসন একাডেমি

**কম্পোজ**
**মোঃ বাসির উদ্দিন**
সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, বিসিএস প্রশাসন একাডেমি

**আলোকচিত্র**
**মোঃ রাজিব আহমেদ**
অডিও ভিডিও অপারেটর, বিসিএস প্রশাসন একাডেমি



**প্রকাশকাল**
জুলাই ২০১৮

## ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন

বিসিএস প্রশাসন একাডেমিতে ১ জানুয়ারি ২০১৮ পাঁচ মাস মেয়াদি (১ জানুয়ারি- ৩১ মে ২০১৮) ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্স তিনটিতে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১১৮ জন (৬৩ জন পুরুষ ও ৫৫ জন নারী) কর্মকর্তা অংশগ্রহণ করেন। তিনটি কোর্সের কোর্স উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর এবং কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন মাহমুদ হাসান, পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত সচিব)। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন যথাক্রমে ড. মোহাম্মদ কামরুজ্জামান, উপপরিচালক (ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন), মল্লিকা দে, উপপরিচালক এবং মোঃ তরিকুল ইসলাম, প্রোগ্রামার। তিনটি কোর্সের সহকারী কোর্স সমন্বয়ক ছিলেন মোঃ আবদুল মালেক, প্রকাশনা কর্মকর্তা।




১০৪তম, ১০৫তম ও ১০৬তমআইন ও প্রশাসন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের খণ্ডচিত্র

## কোয়ান্টাম যোগ-ব্যায়াম কর্মশালা

১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদরে জন্য কোয়ান্টাম যোগ-ব্যায়াম কর্মশালার আয়োজন করা হয় ১২- ১৩ জানুয়ারি ২০১৮। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাছিমা বেগম এনডিসি, সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। এছাড়া, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ডা. মোঃ আবুল হোসেন, কো-অর্ডিনেটর, মিরপুর স্বাস্থ্যসেবা কেন্দ্র, কোয়ান্টাম ফাউন্ডেশন। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। উক্ত কোর্সের কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন জনাব মাহমুদ হাসান, পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি। এ কর্মশালার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণ যোগ-ব্যায়ামের বিভিন্ন কৌশল ও উপকারিতা সম্পর্কে জ্ঞান লাভ করেন।




১০৪তম, ১০৫তম ও ১০৬তমআইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের জন্য কোয়ান্টাম যোগ-ব্যায়াম কর্মশালার খণ্ডচিত্র

## বাণী অর্চনা ১৪২৪ উদযাপন

১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের হিন্দুধর্মাবলম্বী প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে বিসিএস প্রশাসন একাডেমির সেমিনার কক্ষে বাণী অর্চনা ১৪২৪ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে একাডেমির রেক্টর, এমডিএস, পরিচালক ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।




বিসিএস প্রশাসন একাডেমির সেমিনার কক্ষে বাণী অর্চনা ১৪২৪ অনুষ্ঠানের একাংশ

# ঘটনাপ্রবাহ: ফেব্রুয়ারি ২০১৮

## এ৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী

১ ফেব্রুয়ারি ২০১৮ ছয় মাস মেয়াদি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সটি বাংলাদেশ সিভিল সার্ভিসের বিভিন্ন ক্যাডারের ৪৩ জন কর্মকর্তার (২৪ জন পুরুষ ও ১৯ জন নারী) অংশগ্রহণে শুরু হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। ড. পিয়ার মোহাম্মদ, পরিচালক (তথ্য প্রযুক্তি), এবং জনাব তৌহিদুল ইসলাম, উপপরিচালক (প্রশিক্ষণ) যথাক্রমে কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া, লামইয়া সাইফুল, গবেষণা কর্মকর্তা, সহকারী কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন ।




এ৬৫তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানের খণ্ডচিত্র

## টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

০৪-১৫ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে একাডেমিতে এসডিজি বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে সিনিয়র সহকারী সচিব/উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের ৩০ জন কর্মকর্তা (২৩ জন পুরুষ ও ০৭ জন নারী) অংশগ্রহণ করেন। জনাব জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), কোর্স উপদেষ্টা হিসেবে ও ড. শাহ আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন ড. মোহাম্মদ কামরুজ্জামান, উপপরিচালক (ডকুমেন্টেশন অ্যান্ড ইভ্যালুয়েশন)। মাননীয় প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. গওহর রিজভী সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন।




টেকসই উন্নয়ন অভীষ্ঠ বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানের খণ্ডচিত্র

## ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রথম মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী আয়োজন করা হয়। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রথম মেস রজনী অনুষ্ঠিত হয় ৫ ফেব্রুয়ারি ২০১৮। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইসমাত আরা সাদেক এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি।




১০৪তম, ১০৫তম এবং ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষনার্থীগণ কর্তৃক আয়োজিত ১ম মেস রজনীর খণ্ডচিত্র

## ১০৪তম, ১০৫তম  ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্তৃক কর্মশালা আয়োজন

০৬ ফেব্রুয়ারি, ০৩ এপ্রিল ও ২৪ মে ২০১৮ বিসিএস প্রশাসন একাডেমির মিলনায়তনে যথাক্রমে ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্তৃক কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালার বিষয়বস্তু ছিল যথাক্রমে Innovation in Service Delivery, National Integrity Strategy এবং Public Procurement Management.




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্তৃক আয়োজিত কর্মশালার খণ্ডচিত্র

## Intermediate Course on Public Finance

১১-১৮ ফেব্রুয়ারি ২০১৮ মেয়াদে একাডেমিতে Intermediate Course on Public Finance অনুষ্ঠিত হয়। এ কোর্সে সহকারী সচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ২০ জন কর্মকর্তা (১৭ জন পুরুষও ০৩ জন নারী) অংশগ্রহণ করেন। জনাব পরিতোষ চন্দ্র দাস, এমডিএস, কোর্স উপদেষ্টা হিসেবে ও জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন সিনিয়র লাইব্রেরিয়ান জনাব মোঃ এমদাদুল হক।




Intermediate Course on Public Finance কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের খন্ডচিত্র

## ঘটনাপ্রবাহ: মার্চ ২০১৮

### ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের দ্বিতীয় মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের ও বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী আয়োজন করা হয়। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের দ্বিতীয় মেস রজনী অনুষ্ঠিত হয় ১ মার্চ ২০১৮। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মোঃ মোজাম্মেল হক খান, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।




দ্বিতীয় মেস রজনীর খণ্ডচিত্র

## ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফর

১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের সকল প্রশিক্ষণার্থী ও কোর্স ব্যবস্থাপনা টিমের সদস্যগণ ০৪- ১০ মার্চ ২০১৮ মেয়াদে বান্দরবান জেলার বিভিন্ন স্থান (লামা, নীলগিরি, নীলাচল, চিম্বুক পাহাড়, মেঘলা ও প্রান্তিক লেক) এবং কক্সবাজার জেলায় বিভিন্ন দর্শনীয় স্থান (ইনানী বীচ, হিমছড়ি, টেকনাফ, সেন্টমার্টিন এবং ছেঁড়া দ্বীপ) পরিদর্শন করেন।



১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের শিক্ষা সফরের খণ্ডচিত্র

## ২২তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক কোর্স

১৮ মার্চ - ১২ এপ্রিল ২০১৮ মেয়াদে একাডেমিতে ২২তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত উপসচিব পর্যায়ের ৫৫ জন কর্মকর্তা (৪৫ জন পুরুষ ও ১০ জন নারী) অংশগ্রহণ করেন। এ কোর্সের উপদেষ্টার দায়িত্বে ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। মো: জহিরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ), কোর্স পরিচালক এবং ড. রহিমা খাতুন, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) কোর্স সমন্বয়ক হিসেবে দায়িত্ব পালন করেন। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জন-প্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান।



২২তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের খণ্ডচিত্র

## 1st Modern Office Management কোর্স

১৮-২১ মার্চ ২০১৮ মেয়াদে একাডেমিতে Modern Office Management কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৮ জন কর্মকর্তা (১২ জন পুরুষ ও ০৬ জন নারী) অংশগ্রহণ করেন। ড. পিয়ার মোহাম্মদ, পরিচালক (তথ্য প্রযুক্তি), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন জনাব মোঃ এমদাদুল হক, সিনিয়র লাইব্রেরিয়ান। এ কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি।




1st Modern Office Management কোর্সের সমাপনী অনুষ্ঠানের খণ্ডচিত্র

## ঘটনাপ্রবাহ: এপ্রিল ২০১৮

## 1st Governance, IT and Management Training

০১ - ১২ এপ্রিল ২০১৮ মেয়াদে একাডেমিতে Governmance, IT and Management Training শীর্ষক কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটি উদ্বোধন করেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। এ কোর্সে ১৫ জন কর্মকর্তা (০৭ জন পুরুষ ও ০৮ জন নারী) অংশগ্রহণ করেন। ড. শাহ আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন আবু আউয়াল, উপপরিচালক (প্রশাসন)।



সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করছেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

## ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের তৃতীয় মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী আয়োজন করা হয়। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের তৃতীয় মেস রজনী অনুষ্ঠিত হয় ১০ এপ্রিল ২০১৮। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ শফিউল আলম, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।



দ্বিতীয় মেস রজনীতে মাননীয় প্রধান অতিথিকে বরণ

## বসন্তবরণ ১৪২৫ উদযাপন

১৪২৫ বঙ্গাব্দের বসন্তবরণ অনুষ্ঠানে ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের সকল প্রশিক্ষণার্থীকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। বসন্তবরণ উপলক্ষে একাডেমির মিলনায়তনে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীরা গান ও কবিতার মাধ্যমে বসন্ত উদযাপন করেন। অনুষ্ঠানে একাডেমির সম্মানিত রেক্টর, এমডিএস, কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কগণ উপস্থিত ছিলেন।



বসন্তবরণ উদযাপন উপলক্ষে প্রশিক্ষণার্থীদের ফুলেল শুভেচ্ছা

## 2nd Governance, IT and Management Training

১৫-২৬ এপ্রিল ২০১৮ সময়কালে একাডেমিতে Governmance, IT and Management Training শীর্ষক কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটি উদ্বোধন করেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। এ কোর্সে ১৭ জন কর্মকর্তা (১১ জন পুরুষ ও ০৬ জন নারী) অংশগ্রহণ করেন। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন মোঃ মাহমুদুল হক, সহকারী পরিচালক (প্রশিক্ষণ)।




2nd Governance, IT and Management Training শীর্ষক কোর্সের সমাপনী অনুষ্ঠানের খণ্ডচিত্র

## 1st Training of Trainers (ToT)

১৭ - ১৯ এপ্রিল ২০১৮ মেয়াদে একাডেমিতে1st Training of Trainers (ToT) শীর্ষক কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে ১৬ জন কর্মকর্তা (১২ জন পুরুষ ও ০৪ জন নারী) অংশগ্রহণ করেন। জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), কোর্স উপদেষ্টা হিসেবে ও ড. পিয়ার মোহাম্মদ, পরিচালক (তথ্য প্রযুক্তি), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন এ কে এম সোহেল, উপপরিচালক (সেবা)।

### ২৩তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক কোর্স

২২ এপ্রিল - ১৭ মে ২০১৮ মেয়াদে একাডেমিতে ২৩তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা শীর্ষক কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডার ব্যতীত উপসচিব পর্যায়ের ৪৩ জন কর্মকর্তা (৩৭ জন পুরুষ ও ০৬ জন নারী) অংশ-গ্রহণ করেন। এ কোর্সে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান। উক্ত অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর জনাব মো. মোশারফ হোসেন।




২৩তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের খণ্ডচিত্র

## ঘটনাপ্রবাহঃ মে ২০১৮

### ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের চতুর্থ মেস রজনী

প্রশিক্ষণার্থীদের সাংস্কৃতিক প্রতিভা বিকাশের লক্ষ্যে আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ কর্তৃক প্রতিমাসে নিয়মিতভাবে মেস রজনী আয়োজন করা হয়। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের চতুর্থ মেস রজনী অনুষ্ঠিত হয় ৬ মে ২০১৮। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: জাফর ইকবাল এনডিসি, এমডিএস, বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীবৃন্দ বিভিন্ন মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা উপস্থাপন করেন।




চতুর্থ মেস রজনীর খণ্ডচিত্র

## Professional Development Course

০৬ - ৩১ মে ২০১৮ মেয়াদে একাডেমিতে Professional Development Course অনুষ্ঠিত হয়। এ কোর্সে ১২ জন কর্মকর্তা (০৮ জন পুরুষ ও ০৪ জন নারী) অংশগ্রহণ করেন। মোঃ জহিরুল ইসলাম, পরিচালক (প্রশিক্ষণ), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন ড. রহিমা খাতুন, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)।

## জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি এর বিদায় অনুষ্ঠান

০৭ মে ২০১৮ বিসিএস প্রশাসন একাডেমির সম্মেলন কক্ষে জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর মহোদয়ের বিদায় অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে রেক্টর, এমডিএস, পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। একাডেমির কর্মকর্তাবৃন্দ রেক্টর মহোদয়ের কর্মকালের স্মৃতিচারণ করেন। রেক্টর মহোদয় সকল অনুষদ সদস্যের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় রেক্টর মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।



জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি কে বিদায়ী শুভেচ্ছা প্রদান

## জনাব মো. মোশারফ হোসেন, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি এর বরণ অনুষ্ঠান

০৭ মে ২০১৮ বিসিএস প্রশাসন একাডেমির সম্মেলন কক্ষে জনাব মো. মোশারফ হোসেন, রেক্টর এর বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সদ্য যোগদানকৃত রেক্টর, বিদায়ী রেক্টর, একাডেমির এমডিএস, পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। একাডেমির কর্মকর্তাবৃন্দ সদ্য যোগদানকৃত রেক্টর মহোদয়কে অভিনন্দন জানান। নতুন রেক্টর মহোদয় অনুষদ সদস্যদের সাথে শুভেচ্ছা বিনিময় করেন। এ সময় সদ্য যোগদানকৃত রেক্টর মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।



জনাব মো. মোশারফ হোসেন, নবযোগদানকৃত রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি এর বরণ

## ক্রীড়া প্রতিযোগিতা

১৬ মে ২০১৮ বিসিএস প্রশাসন একাডেমির মূলভবনের সামনে খেলার মাঠে ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন জনাব মো. মোশারফ হোসেন, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। উক্ত অনুষ্ঠানে একাডেমির এমডিএস জনাব মোঃ জাফর ইকবাল এনডিসি, একাডেমির পরিচালক ও অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।



ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করছেন জনাব মো. মোশারফ হোসেন, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি

## ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী

৩১ মে ২০১৮ বিসিএস প্রশাসন একাডেমিতে ১ জানুয়ারি ২০১৮-৩১ মে ২০১৮ মেয়াদে ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ইসমাত আরা সাদেক, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান। সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মো. মোশারফ হোসেন, রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি। ১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্স তিনটিতে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারের ১১৮ জন (৬৩ জন পুরুষ ও ৫৫ জন নারী) কর্মকর্তা অংশগ্রহণ করেন।




১০৪তম, ১০৫তম ও ১০৬তমআইন ও প্রশাসন কোর্সের সমাপনী অনুষ্ঠানের খণ্ডচিত্র

# ঘটনাপ্রবাহ: জুন ২০১৮

## 2nd Modern Office Management Course

০৩ - ০৬ জুন ২০১৮ মেয়াদে একাডেমিতে Modern Office Management Course অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৫ জন কর্মকর্তা (২০ জন পুরুষ ও ০৫ জন নারী) অংশগ্রহণ করেন। ড. শাহ আলম, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন জনাব তৌহিদুল ইসলাম, উপপরিচালক (প্রশিক্ষণ)।




2nd Modern Office Management কোর্স এর গ্রুপ ছবি

## সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স

০৪ - ১৪ জুন ২০১৮ মেয়াদে একাডেমিতে সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস প্রশাসন একাডেমির ১৯ জন কর্মকর্তা (১৪ জন পুরুষ ও ০৫ জন নারী) অংশগ্রহণ করেন। সালেহ আহমদ মোজাফফর, পরিচালক (প্রশাসন), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন মোঃ মিনহাজুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন)।




সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করছেন একাডেমির রেক্টর মো. মোশারফ হোসেন।

## ই-জিপি ও ই-লার্নিং প্রশিক্ষণ কোর্স

২৪ - ২৮ জুন ২০১৮ সময়কালে একাডেমিতে ই-জিপি ও ই-লার্নিং প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। এ কোর্সে বিসিএস প্রশাসন একাডেমির ১৮ জন কর্মকর্তা (১৩ জন পুরুষ ও ০৫ জন নারী) অংশগ্রহণ করেন। সালেহ আহমদ মোজাফফর, পরিচালক (প্রশাসন), কোর্স পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন এবং কোর্স সমন্বয়ক ছিলেন মোঃ মুশফিকুর রহমান, সহকারী পরিচালক (সেবা)।




ই-জিপি ও ই-লার্নিং প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন করছেন একাডেমির রেক্টর মো. মোশারফ হোসেন।

## আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস- ২০১৮ উদযাপন

২৩ জুন ২০১৮ বিসিএস প্রশাসন একাডেমির অডিটোরিয়ামে আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস- ২০১৮ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর জনাব মো. মোশারফ হোসেন।




আন্তর্জাতিক পাবলিক সার্ভিস দিবস- ২০১৮ উপলক্ষে আলোচনা সভায় অতিথিবৃন্দ

# যোগদান ও বদলি

## যোগদান

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর এবং পদবি | যোগদানের তারিখ | পূর্বতন কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | শাফিয়া আক্তার শিমু<br>সহকারী পরিচালক (ডি অ্যান্ড ই) | ২৯/০১/২০১৮ | জেলা প্রশাসকের কার্যালয়<br>মানিকগঞ্জ |
| ০২. | মোঃ আবু আউয়াল<br>উপপরিচালক (প্রশাসন) | ১৮/০২/২০১৮ | আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয় |
| ০৩. | তাসমীয়া জায়গীরদার<br>সহকারী পরিচালক (সংযুক্ত) | ০৩/০৪/২০১৮ | সিনিয়র সহকারী কমিশনার<br>জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ |
| ০৪. | মোঃ জাফর ইকবাল এনডিসি<br>এমডিএস (অতিরিক্ত সচিব) | ১৬/০৪/২০১৮ | মহাপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, ঢাকা |

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর এবং পদবি | যোগদানের তারিখ | পূর্বতন কর্মস্থল |
|---|---|---|---|
| ০৫. | সালেহ আহমদ মোজাফফর<br>পরিচালক (যুগ্মসচিব) | ০৬/০৫/২০১৮ | পরিচালক (যুগ্মসচিব)<br>বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট |
| ০৬. | মো. মোশারফ হোসেন<br>রেক্টর (সরকারের ভারপ্রাপ্ত সচিব) | ০৭/০৫/২০১৮ | অতিরিক্ত সচিব<br>কৃষি মন্ত্রণালয় |
| ০৭. | হোসাইন মোহাম্মদ হাই জকী<br>রেক্টরের একান্ত সচিব | ২০/০৫/২০১৮ | সহকারী কমিশনার (ভূমি)<br>জগন্নাথপুর, সুনামগঞ্জ |
| ০৮. | মোহাম্মদ হোসেন<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | ২০/০৫/২০১৮ | কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল এর কার্যালয়, ঢাকা |

## বদলি

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর এবং পদবি | যোগদানের তারিখ | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| ০১. | এ কে এম ফজলুল হক<br>উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | ৩০/০১/২০১৮ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিসস) |
| ০২. | মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি<br>রেক্টর (সরকারের সচিব) | ০৭/০৫/২০১৮ | জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সচিব) |
| ০৩. | পরিতোষ চন্দ্র দাস<br>এমডিএস (অতিরিক্ত সচিব) | ১৬/০৪/২০১৮ | অতিরিক্ত সচিব<br>তথ্য মন্ত্রণালয় |
| ০৪. | মোঃ জহিরুল ইসলাম<br>পরিচালক (অতিরিক্ত সচিব) | ১৪/০৫/২০১৮ | অতিরিক্ত সচিব<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| ০৫. | মাহমুদ হাসান<br>পরিচালক (অতিরিক্ত সচিব) | ১১/০৪/২০১৮ | মহাপরিচালক<br>দুর্নীতি দমন কমিশন, ঢাকা |
| ০৬. | মোহাম্মদ আশরাফুল আফসার<br>রেক্টরের একান্ত সচিব | ০৭/০৫/২০১৮ | অতিরিক্ত জেলা প্রশাসক কক্সবাজার |

## প্রশিক্ষণার্থী কর্তৃক সেমিনার আয়োজন

**ক) প্রশিক্ষণের অংশ হিসেবে ১০৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরা নিম্নে বর্ণিত বিষয়ে একাধিক সেমিনারের আয়োজন করেন:**

01. Public Procurement Management

02. Right to Information Act 2009

03. Blue Economy of Bangladesh

04. Project Management

05. Challenges of Field Administration

06. General Financial Rules and Treasury Rules

07. Land Management System of Bangladesh

08. Disaster Management in Bangladesh

**খ) প্রশিক্ষণের অংশ হিসেবে ১০৫তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরা নিম্নে বর্ণিত বিষয়ে একাধিক সেমিনারের আয়োজন করেন:**

01. Tourism in Bangladesh

02. National Education Policy, 2010

03. Vision 2012: The Challenges & The Reality

04. Mobile Court Act, 2009

05. Stress Management

06. Small and Medium Enterprise in Bangladesh

07. Research Methodology

08. Raising Voice for Women

**গ) প্রশিক্ষণের অংশ হিসেবে ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীরা নিম্নে বর্ণিত বিষয়ে একাধিক সেমিনারের আয়োজন করেন:**

01. How to Manage Media

02. Annual Performance Agreement

03. District Branding

04. Career Planning of a BCS (Administration) Cadre Officers

05. Bangladesh's Graduation from LDCs: Opportunities, Challenges and Imperatives

06. Women and Children Trafficking in Bangladesh

07. Good Governance in Bangladesh

08. Climate Change and Its Impact on Bangladesh

# ফটো গ্যালারী




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীদের ফুল দিয়ে বরণ




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথিকে বরণ




প্রথম মেস রজনীতে প্রধান অতিথিকে শুভেচ্ছা স্মারক প্রদান করছেন একাডেমির রেক্টর।



প্রথম মেস রজনীতে অতিথিবৃন্দের একাংশ




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের প্রথম মেস রজনীর একাংশ




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের দ্বিতীয় মেস রজনীর একাংশ




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের তৃতীয় মেস রজনীর একাংশ



বসন্তবরণ উপলক্ষ্যে প্রশিক্ষনার্থীদের ফুলেল শুভেচ্ছা জানাচ্ছে কোর্স ম্যানেজমেন্ট টিম



১০৪তম ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সে সেশন নিচ্ছেন দৈনিক ইত্তেফাক পত্রিকার সম্পাদক




একাডেমিতে অনুষ্ঠিত বাণী অর্চনা- ১৪২৪ এর একটি খণ্ডচিত্র



১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের সেশন পরিচালনায় ড. মোহাম্মদ সাদিক, চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্মকমিশন




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের চতুর্থ মেস রজনীর একাংশ




প্রথম গভর্নেন্স, আইটি অ্যান্ড ম্যানেজমেন্ট কোর্সের সমাপনী অনুষ্ঠানের একাংশ




অস্ট্রেলিয়ার কার্টিন ইউনিভার্সিটির সাথে একাডেমির একটি অনুষ্ঠানের চিত্র




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্স কর্তৃক আয়োজিত ইফতার মাহফিলের একাংশ



বিসিএস প্রশাসন একাডেমির মুক্তিযুদ্ধ কর্নার পরিদর্শন করছেন মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা এইচ টি ইমাম




১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের দেয়াল পত্রিকা উদ্বোধন করছেন একাডেমির রেক্টর জনাব মো. মোশারফ হোসেন।



এসডিজি কোর্সে সেশন পরিচালনায় ড. দেবপ্রিয় ভট্টাচার্য



১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানের একাংশ




২৩তম উন্নয়ন প্রশাসন ও ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠানে সনদ বিতরণ করছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. মোঃ মোজাম্মেল হক খান।



১০৪তম, ১০৫তম ও ১০৬তম আইন ও প্রশাসন কোর্সের খেলাধুলার একটি মূহুর্ত